# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 23-03-2025 Time: 7-35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) শহরাঞ্চলের দরিদ্রদের জন্য আগামী পাঁচ বছরে ২'লক্ষের'ও বেশী বাড়ি তৈরীর লক্ষ্যমাত্রা ধার্য করেছে রাজ্য সরকার।

২) মৌজা ভিত্তিক ভূ-মানচিত্র তৈরির লক্ষে রাজ্য সরকার ড্রোনের মাধ্যমে পুর এলাকাগুলিতে জরিপের কাজ শুরু করেছে।

৩) লন্ডন সফরে রওনা হয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। একাধিক শিল্প বৈঠকের পাশাপাশি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়েও বক্তব্য রাখবেন তিনি।

৪) রাজ্যের পুলিশ কর্মীদের পোস্টিং ও বদলির নতুন নিয়ম চালু হয়েছে।

৫) ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বেশ কয়েকটি জেলায় আজও বৃষ্টির পূর্বাভাষ।

৬) আই পি এল-এর উদ্বোধনী ম্যাচে কলকাতা নাইট রাইডার্সকে ৭ উইকেটে হারিয়ে দিয়েছে রয়াল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।

৬) কলকাতা প্রিমিয়ার লিগ হকির ফাইনালে আজ মুখোমুখি হচ্ছে ইস্টবেঙ্গল ও মোহনবাগান।

OOOOOOOOOOOOOOOOOOOO

শহরাঞ্চলের দরিদ্রদের জন্য আগামী পাঁচ বছরে দুলক্ষের বেশি বাড়ি তৈরির লক্ষ্যমাত্রা ধার্য করেছে রাজ্য সরকার। পুর এলাকায় বাংলার বাড়ি প্রকল্পের আওতায় মোট ২ লক্ষ ১০ হাজার বাড়ি তৈরি করা হবে বলে পুর ও নগরোন্নয়ন দফতর সূত্রে জানা গেছে। শহরাঞ্চলে প্রতিটি বাড়ি তৈরির জন্য রাজ্য দেয় ১ লক্ষ ৯৩ হাজার টাকা। কেন্দ্র দেয় দেড় লক্ষ টাকা। কিন্তু এই খাতেও কেন্দ্রের কাছে প্রায় ১৭০০ কোটি টাকা বকেয়া রয়েছে বলে রাজ্য সরকার দাবি করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের নতুন মৌজা ভিত্তিক ভূ মানচিত্র তৈরীর অঙ্গ হিসেবে রাজ্য সরকার ড্রোনের মাধ্যমে পুর এলাকাগুলিতে জরিপের কাজ শুরু করেছে। ইতিমধ্যেই জিআইএস বা ভৌগোলিক তথ্য ব্যবস্থার মাধ্যমে সমস্ত পুরসভায় মাস্টারপ্ল্যান তৈরির কাজ শেষ হয়েছে। আলিপুরদুয়ার জেলার ফালাকাটায় ড্রোনের সাহায্যে ইতিমধ্যেই জরিপের কাজ সম্পন্ন। সেখানে বর্তমানে জিও রেফারেন্স এর কাজ চলছে বলে পুর ও নগর উন্নয়ন দফতর সূত্রে জানা গিয়েছে। আগামী তিন মাসের মধ্যে এই কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নিয়েছে দফতর। এছাড়া রাজ্যের শহরাঞ্চলে জমা জলের সমস্যা থেকে পাকাপাকি মুক্তি পেতে ভৌগোলিক তথ্য ব্যবস্থার মাধ্যমে একটি সার্বিক নিকাশের মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে। ইতিমধ্যেই ব্যারাকপুর মহকুমা এবং বিধান নগর পুর এলাকার আধুনিক নিকাশি প্রকল্পের জন্য সাড়ে চার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বেশ কয়েকটি পুরসভা এলাকায় এই মাস্টার প্ল্যান নির্মাণের বিকল্প প্রকল্প রিপোর্ট তৈরীর কাজ শেষ বলেও জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি লন্ডন সফরে রওনা হয়েছেন। তাঁর সঙ্গে রয়েছেন রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, শিল্পন্নোয়ন নিগমের চেয়ারপার্সন বন্দনা যাদব এবং বেশ কয়েক জন শিল্পপতি। সন্ধ্যায় কলকাতা বিমানবন্দর থেকে রওনা হয়ে রাত দেড়টা নাগাদ দুবাই

বিমানবন্দরে নামেন মুখ্যমন্ত্রী। সেখান থেকেই লন্ডনের হিথরো বিমানবন্দরের উদ্দেশে রওনা দিয়েছেন তিনি।

কলকাতা বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী, রাজ্যবাসীকে ধন্যবাদ জানান। তিনি সবার সুখ স্বাচ্ছন্দ কামনা করেন।

(বাইট – মমতা)

একাধিক শিল্প বৈঠক এর পাশাপাশি ২৭ তারিখ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়েও বক্তব্য রাখবেন মুখ্যমন্ত্রী। আগামী ২৯ তারিখ তাঁর কলকাতায় ফেরার কথা।

মুখ্যমন্ত্রীর লন্ডন থেকে আমন্ত্রণ পাওয়া গর্বের বিষয় বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। কলকাতায় গতকাল বণিক সভা সিআইআই আয়োজিত এক অনুষ্ঠানের ফাঁকে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্যপাল জানান মুখ্যমন্ত্রীর এই সম্মান আসলে বাংলার সাফল্য।

(বাইট – রাজ্যপাল)

oooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের রাজ্য সফর আপাতত বাতিল হচ্ছে বলে বিজেপি জানিয়েছে। চলতি মাসেই শ্রী শাহের এরাজ্যে আসার কথা ছিল। রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার গতকাল জানিয়েছেন, ঈদের অনুষ্ঠানের কারণেই বাতিল হচ্ছে এই সফর।

(বাইট – সুকান্ত)

oooooooooooooooooo

রাজ্য সরকার আগামী ৬-ই এপ্রিল রামনবমীতে মিছিলের অনুমতি দেওয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করছে। ধারাবাহিকভাবে প্রতি বছর যাঁরা মিছিল করেন, তাঁদের ছাড়া নতুন করে কোনও সংগঠনকে এই অনুমতি দেওয়া হবে না বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই মর্মে প্রতিটি জেলা প্রশাসনকেও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে রামনবমীতে আইনশৃঙ্খলার কারণে আই পি এল-এর ম্যাচ গুয়াহাটিতে সরে যাওয়ায় রাজ্য প্রশাসনের কড়া সমালোচনা করেছেন বিজেপি সাংসদ শমীক ভট্টাচার্য।

(বাইট – শমীক)

রাজ্য সরকার উন্নয়নের উপর জোর দিলেও বিজেপি জাতপাত সম্প্রদায়ের রাজনীতি করছে বলে অভিযোগ করেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ।

(বাইট – কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুরসভার অন্তর্গত শ্রমিকদের তিন মাসের বকেয়া আগামী তিন মাসের মধ্যে মিটিয়ে দেওয়া হবে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন। গতকাল পুর অধিবেশনে বিরোধী দলগুলি এই প্রসঙ্গ উত্থাপন করলে মেয়র বলেন, কেন্দ্রীয় সরকারের কাছে ১০০ দিনের কাজে রাজ্যের বকেয়া ১ লক্ষ ৭০ হাজার কোটি টাকা। এর ফলে রাজ্যের বিভিন্ন প্রকল্পের কাজে সমস্যা তৈরি হচ্ছে। তবে নগরোন্নয়ন দপ্তরের তরফ থেকে রাজ্যের অর্থ দপ্তরের কাছে এ বাবদ টাকার জন্য প্রস্তাব পাঠানোর পর অর্থের সেই সমস্যা মিটেছে বলে তিনি জানান। কেন্দ্রীয় সরকারের টাকা পাওয়া গেলে শ্রমিকদের মজুরি বাড়ানো যেতে পারে বলেও মেয়র তথা পুরমন্ত্রী জানান।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের পুলিশ কর্মীদের পোস্টিং ও বদলির নতুন নিয়ম চালু হয়েছে। এবার থেকে আর এই মর্মে কোনও লিখিত আবেদন গ্রহণ করা হবে না। বদলি ও পোস্টিংয়ের জন্য পুলিশ কর্মীদের শুধুমাত্র PPMS মোবাইল অ্যাপ এবং E-HRMS পোর্টাল ।

**১৮ই মার্চ থেকে ১১ই এপ্রিল পর্যন্ত সাব-ইনস্পেক্টর, সহকারী সাব-ইনস্পেক্টর, কনস্টেবল, মহিলা কনস্টেবল ও পুলিশ ড্রাইভাররা নিজেদের বদলি বা পোস্টিংয়ের জন্য**

অনলাইনে আবেদন করতে পারবেন। সাধারণ বদলির জন্য ওই সময় পর্যন্ত পোর্টাল খোলা থাকবে। তবে শারীরিক অসুস্থতার কারণে বদলির জন্য সারা বছরই আবেদন করা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০

সীমান্ত নিরাপত্তা বাহিনী বিএসএফ, মুর্শিদাবাদ জেলায় ভারত বাংলাদেশ সীমান্তের পিরোজপুরে ছয় কোটি সাতাত্তর লক্ষ টাকারও বেশি মূল্যের হেরোইন উদ্ধার করেছে। আটক করা হয়েছে এক বাংলাদেশী মাদক পাচার কারীকে। বিএসএফ সূত্রে জানা গেছে, গতকাল সকালে হেরোইন বাংলাদেশে পাচার করার সময় ঐ ব্যক্তিকে আটক করা হয়। পাঁচটি প্যাকেটে রাখা তিন কেজি তিনশো সাতাশী গ্রাম মাদক উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া সামগ্রী ও পাচারকারীকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কাজ দেওয়ার নাম করে হুগলি থেকে এক যুবতীকে ডেকে এনে ধর্ষণের অভিযোগে তিন যুবককে গ্রেফতার করেছে পশ্চিম মেদিনীপুরের ডেবরা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, কিছুদিন আগে ওই যুবতীকে কাজ দেওয়ার অছিলায় ডেবরাতে ডেকেছিল ওই তিন যুবক। পরে চলন্ত গাড়ির মধ্যেই তিন যুবক তাঁকে ধর্ষণ করে। এরপরই ওই যুবতী ডেবরা থানাতে পৌঁছে অভিযোগ দায়ের করে। গতকাল তিন অভিযুক্তকে মেদিনীপুর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বেশ কয়েকটি জেলায় আজও বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। হিমালয় সন্নিহিত জেলাগুলির পাশাপাশি বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ রয়েছে দুই ২৪ পরগনা, নদীয়া, মূর্শিদাবাদ এবং দুই মেদিনীপুর জেলায়। গাঙ্গেয় পশ্চিমবঙ্গে বাকি জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

এদিকে, বৃষ্টির কারণে এক ধাক্কায় অনেকটাই কমেছে সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ দশমিক ৬

ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে **৩ দশমিক** পাঁচ ডিগ্রী কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা **৯** ডিগ্রী কমে **২৫ দশমিক** পাঁচ ডিগ্রী সেলসিয়াসে দাঁড়ায়।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব আবহাওয়া সংগঠন দিবসে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- 'হাওয়া মোরগ' । আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।

অনুষ্ঠানের **প্রথম পর্ব** শোনা যাবে আজ গীতাঞ্জলী ও সঞ্চয়িতায় রাত সাড়ে ৮টায়। **দ্বিতীয় পর্ব** শোনা যাবে **আগামী মঙ্গলবার** সঞ্চয়িতায় রাত সাড়ে ৮'টায়।
এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০

বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে কলকাতার ইডেন গার্ডেন্সে শুরু হয়েছে অষ্টাদশ আই পি এল । উদ্বোধনী ম্যাচে রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু ৭ উইকেটে কলকাতা নাইট রাইডার্স-কে হারিয়ে দিয়েছে। বেঙ্গালুরু টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠায়। কলকাতা নির্ধারিত ২০ ওভারে ৮ উইকেটে **১৭৪** রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে আরসিবি **৩ উইকেট** হারিয়ে ২২ বল বাকি থাকতেই ম্যাচ জিতে নেয়।

গতকাল ম্যাচ শুরুর আগে চোখধাধানো উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেন প্রখ্যাত অভিনেতা শাহরুখ খান, শ্রেয়া ঘোষাল, দিশা পাটানি প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান ও ইস্টবেঙ্গল আজ কলকাতা প্রিমিয়ার লিগ হকির ফাইনালে মুখোমুখি হবে। হাওড়ার ডুমুরজলা স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল তিনটে দশে।

০০০০০০০০০০০০০০০০০০০০০